



003

প্রেসিডেন্টের সাথে শিক্ষক সমিতি ফেডারেশন  
নেতৃবৃন্দের খোলাখুলি মত বিনিময়

## বেসরকারী শিক্ষকদের অনুদানের বকেয়া সঞ্চয় বণ্ডে দেয়া হবে

বাংলাদেশ শিক্ষক সমিতি  
ফেডারেশনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ  
ধর্মবিষয়কমন্ত্রী এই ফেডারেশনের  
মহাসচিব মাওলানা এম. এ. মান্নানের  
নেতৃত্বে গতকাল (মঙ্গলবার) সন্ধ্যায়  
প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট  
হুসেইন মুহম্মদ এরশাদের সাথে  
সাক্ষাৎ করেন। উল্লেখ যে,  
প্রেসিডেন্ট উক্ত ফেডারেশনের  
চেয়ারম্যান। শিক্ষক সমিতি  
ফেডারেশন নেতৃবৃন্দ শিক্ষাক্ষেত্র এবং  
শিক্ষকদের বিভিন্ন সমস্যা সম্পর্কে  
প্রেসিডেন্টের সাথে খোলাখুলি ও

আন্তরিকভাবে মত বিনিময় করেন।  
খবর বাসস।

প্রেসিডেন্ট ঘোষণা করেন যে,  
বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের  
শিক্ষকদের সরকারী অনুদান শতকরা  
শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

### বেসরকারী শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর  
৬০ ভাগ থেকে ৭০ ভাগ বৃদ্ধি করার  
ফলে ১৯৮৬ সালের জুলাই থেকে  
ডিসেম্বর পর্যন্ত এ ছয় মাসের প্রাপ্ত  
বকেয়া জাতীয় সঞ্চয় বণ্ডের মাধ্যমে  
প্রদান করা হবে। তিনি বলেন,  
বেসরকারী শিক্ষকদের এই বর্ধিত  
বেতন চলতি বছরের জানুয়ারী থেকে  
মাসিক বেতনের সাথে দেয়া হবে।  
প্রেসিডেন্টের সিদ্ধান্তের প্রেক্ষিতে  
ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয় বর্ধিত  
বেতন প্রদানের জন্যে ব্যবস্থা গ্রহণ  
করেছেন এবং বর্তমানে বিষয়টি  
বাস্তবায়নের জন্যে অর্থ মন্ত্রণালয়ে  
বয়েছে।